বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
Website : www.krishibank.org.bd

পরিপালন বিভাগ
ফোনঃ ০২-২২৩৩৮২৫২৪
E-Mail : dgmcompliance@krishibank.org.bd

সূত্র ঃ প্রকা/পরিপালন/বাঃব্যাঃবিঃপঃ-০৬(২০২৩)/প্রকা/২০২৩-২০২৪/ ৫০৬৭

তারিখঃ ২১.০৪.২০২৪ খ্রি.
(ই-মেইলযোগে প্রেরিত)

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল বিভাগীয় কার্যালয়।

বিষয় ঃ বিকেবি প্রধান কার্যালয়ের উপর ৩০.০৬.২০২৩ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক বিশদ পরিদর্শন প্রতিবেদনের উত্থাপিত আপত্তিসমূহ নিয়মিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংক পরিদর্শন বিভাগ-২(পরিদর্শন শাখা-১) কর্তৃক বিকেবি প্রধান কার্যালয়ের উপর ৩০.০৬.২০২৩ তারিখ স্থিতি ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের মধ্যে নিম্নোল্লিখিত কতিপয় আপত্তিসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো ঃ

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৩.২ (গ) :

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় এর ঋণ শ্রেণিবিন্যাস বিভাগ কর্তৃক সরবরাহকৃত ৩০.০৬.২০২৩ তারিখ স্থিতি ভিত্তিক সমন্বিত ঋণ শ্রেণিকরণ ও প্রভিশন (Global Classification of Loan and Provision) বিবরণী ও উক্ত তারিখ ভিত্তিতে পরিচালিত ৪২টি শাখার মধ্যে ১৮টি শাখার ঋণ ও অগ্রিমকে বস্তুগত ভিত্তিতে (Objective basis) শ্রেণিকরণ করা হয়েছে যেটি স্ব স্ব শাখা কর্তৃক যথাযথমানে শ্রেণিকরণ করা আবশ্যক ছিল যা বাংলাদেশ ব্যাংকের নিদের্শনার পরিপন্থী।

৩০-০৬-২০২৩ তারিখ স্থিতি ভিত্তিক সিএল বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংক কর্তৃক প্রদর্শিত মোট ঋণস্থিতি ৩০২২৬.১১কোটি টাকা (কর্মী ঋণ ব্যতিত) এর মধ্যে শ্রেণিকৃত ঋণের পরিমাণ ৬৫০০.৮৯ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণের হার ২১.৫১%। কিন্তু উপর্যুক্ত পর্যালোচনায় দেখা যায়, দীর্ঘদিন যাবৎ অসমন্বিত থাকা ঋণ হিসাবসমূহ সিএল বিবরণীতে প্রদর্শন করা হচ্ছে যা সময়ে সময়ে পুনঃতফসিল এর মাধ্যমে নিয়মিত ঋণ হিসাবে দেখানো হয়েছে। সিএল বিবরণী পর্যালোচনায় আরও পরিলক্ষিত হয়, ২০/৩০ বছর পূর্বে বিতরণকৃত ঋণসমূহও অশ্রেণিকৃত হিসাবে দেখানো হয়েছে। বিভিন্ন শাখা পরিদর্শনে দেখা গেছে এরূপ অনেক ঋণগ্রহীতা মৃত্যুবরণ করেছেন বা ঠিকানা বদলে অন্যত্র চলে গেছেন যাদের নিকট থেকে ঋণ আদায় করা প্রায় অসম্ভব, বিস্তারিত সংযুক্ত টেবিল। দীর্ঘ যাবৎ অসমন্বিত থাকা এরূপ ঋণ স্থিতি আদায়ে বা সমন্বয়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নির্ধারণকরতঃ আদায় বা সমন্বয় অগ্রগতি অবহিত করার জন্য পরামর্শ দেয়া হয়েছে।

অত্র বিভাগের পরামর্শ ঃ

বাংলাদেশ ব্যাংকের ঋণ পুনঃতফসিল সংক্রান্ত সার্কুলারসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ পুনঃতফসিলিকরণসহ দীর্ঘদিন যাবৎ অসমন্বিত থাকা এরূপ ঋণ স্থিতি আদায়ে বা সমন্বয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৩.১৮

শাখা সমূহে(সংযুক্ত তালিকা মোতাবেক) গ্রাহক কর্তৃক ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধের পরেও ঋণ হিসাব বন্ধ না করা ও উক্ত হিসাবসমূহে পরবর্তীতে সুদ হিসাবায়ন অব্যাহত রাখা ও ব্যাংকের সুদ আয় হিসাবকে ভিত্তিহীনভাবে বেশি দেখানোর কারণ বাংলাদেশ ব্যাংককে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, এ ধরনের হিসাবের সংখ্যা ও মোট সুদ হিসাবায়নের পরিমাণ পরিদর্শন দলকে অবহিত করারও নির্দেশনা প্রদান করা হয়েছে।

অত্র বিভাগের পরামর্শ ঃ তালিকায় বর্ণিত শাখাসমূহে ঋণ গ্রহিতা কর্তৃক সম্পূর্ণ টাকা পরিশোধ করার পরও কেন ঋণ হিসাব বন্ধ না করে সংশ্লিষ্ট হিসাবসমূহে সুদ চার্জ করে আয় খাতে নেয়া হয়েছে তার বিস্তারিত ব্যাখ্যা সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করতে হবে। সংগৃহিত ব্যাখ্যা বিভাগীয় কার্যালয়ের মতামতসহ অত্র বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রধান কার্যালয়ের আইসিটি বিভাগের সাথে যোগাযোগ করে চার্জকৃত সুদ সমন্বয়ের কার্যকরী ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত বিষয়ের পুনরাবৃত্তি যাতে না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এছাড়াও তালিকায় সংযুক্ত শাখাসমূহ ব্যতিত আপনাদের বিভাগাধীন অন্য কোন শাখায় যদি এ ধরনের কোন ঋণ হিসাব থাকে তা সমন্বয়ের মাধ্যমে সংশোধন করার নিমিত্ত সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

চলমান পাতা-০২

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৩.১৯.(ক) ও (খ) :
ব্যাংকের হিসাব বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, বেশির ভাগ হিসাব বিবরণীর উপরের অংশে Open Date, Expiry Date, Present Limit, Installment Amount, Status ইত্যাদি প্রকৃত যেটা হওয়া উচিত সেটা উল্লেখ করার পরিবর্তে অসমর্থিত/ভুল/সঠিক নয় এমন তথ্য দেয়া হয়েছে।

অত্র বিভাগের পরামর্শ ঃ
ঋণ হিসাবসমূহে Open Date, Expiry Date, Present Limit, Installment Amount, Status ইত্যাদি সঠিকভাবে সিবিএস এ অন্তর্ভূক্ত করার নিমিত্ত শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৩.২২ এবং ১৭.খ(৪) :
বিকেবি, প্রধান কার্যালয়ের গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক প্রদত্ত ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের তথ্যানুযায়ী ৩১-০৭-২০২৩ তারিখে ব্যাংকটির মোট ঋণের সংখ্যা ৩৩,৫৪,৬৭৪ টি যার মধ্যে সিআইবি ডাটাবেইজকৃত ঋণের সংখ্যা ১৬,১৫,৬২৮ টি। অর্থাৎ ৩১.০৭.২০২৩ তারিখ পর্যন্ত সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্ত হয়নি এমন ঋণের সংখ্যা ৩৩,৫৪,৬৭৪ - ১৬,১৫,৬২৮ = ১৭,৩৯,০৪৬ টি, যা ঐ তারিখ ভিত্তিতে মোট ঋণ সংখ্যার ৫১.৮৪%। উল্লেখ্য, সিআইবি সার্কুলার নং-০১/২০১৮, তারিখ: ২৬.০৪.২০১৮ ইং মোতাবেক ১ টাকা স্থিতি সম্পন্ন ঋণ থেকে শুরু করে সকল ঋণ তথ্য তথা শস্য ঋণের সিআইবি ডাটাবেইজ করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া, এসিডি সার্কুলার নং-০২, তারিখ: ০৩ ডিসেম্বর ২০১৮ মোতাবেক যে কোন অংকের বকেয়া ঋণের তথ্য সিআইবিতে রিপোর্ট করার নির্দেশনা রয়েছে। কিন্তু বিকেবি কর্তৃক এ সার্কুলারসমূহের নির্দেশনা পরিপালন করা হয়নি।

এমতাবস্থায়, সিআইবি সার্কুলার নং-০১/২০১৮, তারিখ: ২৬-০৪-২০১৮ ও এসিডি সার্কুলার নং-০২, তারিখ: ০৩ ডিসেম্বর ২০১৮ এর নির্দেশনা পরিপালন না করার জন্য ব্যাংকটির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, সিআইবি রিপোর্ট ব্যতিরেকে ঋণ প্রদানের কারণ ব্যাখ্যাসহ ভবিষ্যতে নিয়মিতভাবে সিআইবি রিপোর্ট সংগ্রহ নিশ্চিতকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

অত্র বিভাগের পরামর্শ ঃ
বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মোতাবেক সিআইবি সার্কুলার নং-০১/২০১৮, তারিখ: ২৬.০৪.২০১৮ ও এসিডি সার্কুলার নং-০২, তারিখ: ০৩ ডিসেম্বর ২০১৮ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক সকল ঋণের সিআইবি ডাটাবেইজ সম্পন্ন করতে হবে। ডাটাবেইস সম্পন্নকরণ এবং সিআইবি রিপোর্ট ব্যতিরেকে ঋণ প্রদান না করার নিমিত্ত শাখাসমূহে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৭.খ(১) :
১০ বৎসর ও তদূর্ধ্ব সময়কাল যাবৎ অদাবীকৃত আমানত ও অন্যান্য মূল্যবান সামগ্রী কোনো শাখায় থেকে থাকে তবে তার সমুদয় অর্থ যথাযথ আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করতঃ বাংলাদেশ ব্যাংকে জমা করার জন্য পরামর্শ প্রদান।

অত্র বিভাগের পরামর্শ ঃ
১০ বৎসর ও তদূর্ধ্ব সময়কাল যাবৎ অদাবীকৃত আমানত ও অন্যান্য মূল্যবান সামগ্রী যথাযথ আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করতঃ যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে জমা করার নিমিত্ত শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৭.খ(৩) :
তামাদি ঋণ হিসাবসমূহ নিয়মিত করার পাশাপাশি তামাদি হওয়ার জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

অত্র বিভাগের পরামর্শ ঃ
তামাদি ঋণ হিসাবসমূহ নিয়মিত করণসহ ভবিষ্যতে নতুন করে কোনো ঋণ যেন তামাদিকে বারিত না হয় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের নিমিত্ত শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-১৭.খ(৫) :
স্থগিত সুদ খাতে স্থানান্তরযোগ্য সুদকে আয় খাতে নেয়ার কারণ ব্যাখ্যাকরণসহ অবিলম্বে স্থগিত সুদ খাতে স্থানান্তর করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।
অত্র বিভাগের পরামর্শ ঃ
স্থগিত সুদ খাতে স্থানান্তরযোগ্য সুদকে আয় খাতে না নিয়ে সঠিকভাবে যথাযথ খাতেই হিসাবায়ন নিশ্চিত করার নিমিত্ত শাখাসমূহকে কঠোর নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

চলমান পাতা-০৩

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-২১(৩)

শাখাসমূহ অনলাইন মাইগ্রেশনের পূর্বে ব্যাংকের কর্মকর্তাদের প্রদত্ত বিবিধ অগ্রিম, লিগ্যাল নোটিশ ব্যয়, ডেসপাস, রাজস্ব অগ্রিম ইত্যাদি খাতের অসমন্বিত স্থিতি শাখার বিবিধ অগ্রিম খাতে হিসাবভুক্ত করা হলেও এতদ্‌বিষয়ে ব্যাংকের নিকট সুনির্দিষ্ট কোন তথ্য নেই। উক্ত লেনদেন সংক্রান্ত পর্যাপ্ত তথ্য না থাকায় ব্যাংকের কার্যক্রম অনলাইন হওয়ার সময় হিসাব মিলানোর স্বার্থে গোঁজামিল দেয়া হয়েছে, যা নীতি বহির্ভূত এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব প্রণয়নের জন্য প্রযোজ্য আইন ও বিধি পরিপন্থী। ইতোমধ্যে প্রায় ৩ বছর অতিক্রান্ত হওয়ার পরও উক্ত অগ্রিম সমন্বয় করা হয়নি ভবিষ্যতে তা সমন্বয় করা সম্ভব হবে না।

অত্র বিভাগের পরামর্শ ঃ

শাখার প্রদেয় ও আদায়যোগ্য খাতের অসমন্বিত এন্ট্রিসমূহ পৃথকভাবে বিস্তারিত বিবরণীসহ সিবিএস এ অন্তর্ভূক্ত করতে হবে। সিবিএস এ অন্তর্ভূক্ত করণ এবং অসমন্বিত এন্ট্রিসমূহ দ্রুত নিস্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত শাখাসমূহকে কঠোর নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং-২১(৫) ঃ

অসমন্বিত সঞ্চয়পত্র (মোট স্থিতি-১৮৬৫৪.৬৩ লক্ষ টাকা; সন্দেহজনক-৩১২.৫২ লক্ষ টাকা; বিএল-২২১.৩৪ লক্ষ টাকা; হিসাবায়িত প্রভিশনের পরিমাণ-৩৭৭.৬০ লক্ষ): ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দেয়া তথ্যানুযায়ী সন্দেহজনক ও বিএল মানে শ্রেণিকৃত অসমন্বিত সঞ্চয়পত্রের কোন তথ্য নেই, এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংকের নিকট কোন দাবী নেই অর্থাৎ সম্পূর্ণ অংশই অস্তিত্ববিহীন। সঞ্চয়পত্র খাতে প্রদর্শিত অস্তিত্ববিহীন উক্ত অন্যান্য সম্পদ আসলেই অস্তিত্ববিহীন না উক্ত খাত সৃষ্টি করে সম-পরিমাণ অর্থ আত্মসাৎ করা হয়েছে তা উদ্‌ঘাটনের জন্য এখন পর্যন্ত ব্যাংকের পক্ষ থেকে কোন ধরনের তদন্ত করা হয়নি।

অত্র বিভাগের পরামর্শ ঃ

বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে সঞ্চয়পত্র খাতে অসমন্বিত স্থিতি দ্রুত সমন্বয়ের কার্যকরী ও ফলপ্রসু উদ্যোগ গ্রহণের নিমিত্ত শাখাসমূহকে কঠোর নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের বিপরীতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে গৃহীত ব্যবস্থাদি অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো। ভবিষ্যতে এ ধরনের ত্রুটি বিচ্যুতি বা অনিয়মের পুনরাবৃত্তি যেন না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্যও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বিষয়টি বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বিধায় অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

২১/০৮/২০২৪
(মোঃ নাজমুল হোসেন)
মহাব্যবস্থাপক

সূত্র ঃ প্রকা/পরিপালন/বাঃব্যাঃবিঃপঃ-০৬(২০২৩)/প্রকা/২০২৩-২০২৪/ ৫০৬৭ (২২৫০)

তারিখঃ ২১.০৮.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
১২। অফিস নথি।

২১/০৮/২০২৪
(মোঃ গাজিউর রহমান)
উপমহাব্যবস্থাপক

টেবিল-০৪(ক)

*৩০-০৬-২০২৩ স্থিতি ভিত্তিক বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয় ও পরিদর্শিত*
*৪২টি শাখায় ঋণ শ্রেণিকরণ ও প্রভিশন ঘাটতি সংক্রান্ত তথ্য:*

(লক্ষ টাকায়)

| ক্রমিক | শাখার নাম | ঋণ ও অগ্রিমের পরিমাণ | শ্রেণিকৃত ঋণ ও অগ্রিমের পরিমাণ | | | প্রভিশন হিসাবায়ন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| নং | | (কর্মী ঋণ ব্যতীত) | শাখা কর্তৃক হিসাবায়িত | পরিদর্শন দল কর্তৃক হিসাবায়িত | পার্থক্য | শাখা কর্তৃক হিসাবায়িত | পরিদর্শন দল কর্তৃক হিসাবায়িত | পার্থক্য |
| | | | | ঢাকা অঞ্চল | | | | |
| ১ | স্থানীয় মুখ্য কার্যালয় | ২৬৭১৮১.৩০ | ৩৭৬৯৬.৬২ | ৬৫০১২.৬৪ | ২৭৩১৬.০২ | ১৯৫৭৩.৩৯ | ২৯৯৫৩.২৪ | ১০৩৭৯.৮৫ |
| ২ | কোমরগঞ্জ | ১৭৪৪.০০ | ১৭৫.০০ | ৬৫৯.০০ | ৪৮৪.০০ | ৬১.০০ | ১২৮.০০ | ৬৭.০০ |
| ৩ | বন্দর | ৫৮৫১.৪১ | ২৭৬.৫২ | ৪৭৯.৫৫ | ২০৩.০৩ | ৮৬.০৪ | ১১০.৫৫ | ২৪.৫১ |
| ৪ | কুলিয়ারচর | ৩৯৫৭.২৯ | ২০০.৪৫ | ২৯৬.০২ | ৯৫.৫৭ | ১০৯.৮২ | ১৪২.৮০ | ৩২.৯৮ |
| ৫ | কালিহাতি | ৪৫২৫.৫১ | ৬৪৫.২৬ | ১১৩৬.৫২ | ৪৯১.২৬ | ৩৭১.৩৩ | ৪৩৩.৩৫ | ৬২.০২ |
| ৬ | বেতকা | ৩৪৯৯.৭৫ | ৫৯১.৮৩ | ৬৫৯.৬৮ | ৬৭.৮৫ | ২৬৫.৪৩ | ২৭৪.৯২ | ৯.৪৯ |
| ৭ | সদরপুর | ১৩৩৫.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২১.৩৪ | ২৯.৭৩ | ৮.৩৯ |
| | উপমোট | ২৮৮০৯৪.২৬ | ৩৯৫৮৫.৬৮ | ৬৮২৪৩.৪১ | ২৮৬৫৭.৭৩ | ২০৪৮৮.৩৫ | ৩১০৭২.৫৯ | ১০৫৮৪.২৪ |
| | | | | খুলনা অঞ্চল | | | | |
| ১ | খুলনা কর্পোরেট | ১৬৩৬৩.৫৩ | ৭২৬৩.০৬ | ৭৫৮২.২৫ | ৩১৯.১৯ | ১৯৯৩.৬৯ | ২০৩৮.৮৮ | ৪৫.১৯ |
| ২ | দাকোপ | ৬২৩৩.৭৪ | ২৩.০৮ | ২৫১.৯৪ | ২২৮.৮৬ | ৬৯.৪১ | ১৫২.৫৮ | ৮৩.১৭ |
| ৩ | আশাশুনি | ৪৯১৬.৫৪ | ১০৫.৫৪ | ৪১২.৪৭ | ৩০৬.৯৩ | ৫৫.২২ | ১০২.০২ | ৪৬.৮ |
| ৪ | ঝিনাইদহ | ১১৭৮৬.৩ | ৯৭৭.৭৮ | ১১৬২.৬৯ | ১৮৪.৯১ | ৪০৭.১২ | ৪৪৭.৯৬ | ৪০.৮৪ |
| | উপমোট | ৩৯৩০০.১১ | ৮৩৬৯.৪৬ | ৯৪০৯.৩৫ | ১০৩৯.৮৯ | ২৫২৫.৪৪ | ২৭৪১.৪৪ | ২১৬ |
| | | | | রাজশাহী অঞ্চল | | | | |
| ১ | কুষ্টিয়া | ১৩৮৮৭.৮ | ৩৪৮৫.৫৫ | ৪২৪৫.৩৮ | ৭৫৯.৮৩ | ৬৩৭.৮৯ | ৩৪১৪.৯ | ২৭৭৭.০১ |
| | উপমোট | ১৩৮৮৭.৮ | ৩৪৮৫.৫৫ | ৪২৪৫.৩৮ | ৭৫৯.৮৩ | ৬৩৭.৮৯ | ৩৪১৪.৯ | ২৭৭৭.০১ |
| | | | | বরিশাল অঞ্চল | | | | |
| ১ | কাউখালী | ১৭১৯.৬৭ | ১২.০২ | ৪৩.২৪ | ৩১.২২ | ১৮.২৫ | ২২.৮৫ | ৪.৬০ |
| ২ | তালতলী | ৫৪৩৪.৯৩ | ৮৯.৯৮ | ৯৫.৯১ | ৫.৯৩ | ৮৮.৫৮ | ৮৮.৮৫ | ০.২৭ |
| | উপমোট | ৭১৫৪.৬ | ১০২.০০ | ১৩৯.১৫ | ৩৭.১৫ | ১০৬.৮৩ | ১১১.৭ | ৪.৮৭ |
| | | | | সিলেট অঞ্চল | | | | |
| ১ | বাহুবল | ১৭৬৬.৭৯ | ৬০১.৪০ | ৬০৯.৯১ | ৮.৫১ | ৪৬৬.২৫ | ৪৬৭.১৫ | ০.৯০ |
| | উপমোট | ১৭৬৬.৭৯ | ৬০১.৪০ | ৬০৯.৯১ | ৮.৫১ | ৪৬৬.২৫ | ৪৬৭.১৫ | ০.৯০ |
| | | | | ময়মনসিংহ অঞ্চল | | | | |
| ১ | ভালুকা | ১০২৪৭.৮৩ | ১৫৪৪.৪৪ | ১৬৩১.৬ | ৮৭.১৬ | ৪৫৫.৮৮ | ৪৬৯.৭৬ | ১৩.৮৮ |
| ২ | জামালপুর | ৬৮৭৭.৮৫ | ৮৯১.১১ | ৯৮০.৩৫ | ৮৯.২৪ | ১৬৬.৫৮ | ১৬৮.৯৫ | ২.৩৭ |
| ৩ | শেরপুর | ১১৫০৮.৬৩ | ৮১৩.২৬ | ১০২৯.৬৯ | ২১৬.৪৩ | ১৯২.৯২ | ২২০.২৫ | ২৭.৩৩ |
| | উপমোট | ২৮৬৩৪.৩১ | ৩২৪৮.৮১ | ৩৬৪১.৬৪ | ৩৯২.৮৩ | ৮১৫.৩৮ | ৮৫৮.৯৬ | ৪৩.৫৮ |
| সর্বমোট ঃ | | ৩৭৮৮৩৭.৮৭ | ৫৫৩৯২.৯০ | ৮৬২৮৮.৮৪ | ৩০৮৯৫.৯৪ | ২৫০৪০.১৪ | ৩৮৬৬৬.৭৪ | ১৩৬২৬.৬০ |
| সর্বমোট ঃ (কোটি টাকায়) | | ৩৭৮৮.৩৮ | ৫৫৩.৯৩ | ৮৬২.৮৯ | ৩০৮.৯৬ | ২৫০.৪০ | ৩৮৬.৬৭ | ১৩৬.২৭ |

গ্রাহক কর্তৃক ঋণের সম্পূর্ণ টাকা পরিশোধ করার পরও পুনরায় ঋণ হিসাবে সুদ চার্জ করে আয় খাতে নেয়ার তথ্য

| সারসংক্ষেপ | | | |
|---|---|---|---|
| ক্রমিক | বিভাগ | সংখ্যা | পরিমান |
| ১ | বরিশাল বিভাগ | ১১২ | ৪২৫৩১৩ |
| ২ | ফরিদপুর বিভাগ | ১৩ | ৪৩৯৯২ |
| ৩ | খুলনা বিভাগ | ৯ | ৫৩৪৭৯ |
| ৪ | কুষ্টিয়া বিভাগ | ১৬ | ৭৪৫৬৬ |
| ৫ | কুমিল্লা বিভাগ | ১৫৬ | ৫৬৫১১৩ |
| ৬ | চট্টগ্রাম বিভাগ | ৩১ | ৫৪৮৪৭ |
| ৭ | সিলেট বিভাগ | ৪৪ | ১৪৫৮৮৭ |
| ৮ | ঢাকা বিভাগ | ১৭৯ | ৪৫৩৯২৩ |
| ৯ | ময়মনসিংহ বিভাগ | ৮৪ | ৩৪২৩৫৭ |
| **সর্বমোট** | | **৬৪৪** | **২১৫৯৪৭৭** |